জীবননগর আলীপুর প্রগতিশীল যুব সংঘের বার্ষিক আলোচনা সভা অনুষ্ঠিত

জীবননগর আলীপুর প্রগতিশীল যুব সংঘের বার্ষিক আলোচনা সভা ও সাংস্কৃতি অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

গত শুক্রবার সন্ধার সময় জীবননগর উপজেলার বাকা ইউনিয়নের আলীপুর প্রগতিশীল যুব সংঘের আয়োজনে আলীপুর গ্রামে এ আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

বাকা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আব্দুল কাদের প্রধানের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন মাই টিভির সিনিয়র রিপোর্টার এস কে লিটন।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন আবুল কাসেম মাস্টার, আঃ মান্নান, আক্কাচ আলী মন্ডল, মুকুল হোসেন প্রমুখ।

জীবননগর ইকরা একাডেমী স্কুলে অভিভাবক সমাবেশ অনুষ্ঠিত

জীবননগরে ইকরা একাডেমী স্কুলের শিক্ষক, শিক্ষাথী ও অভিভাবকদের নিয়ে একটি অভিভাবক সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শনিবার সকাল ৯টার সময় ইকরা একাডেমী স্কুলের আয়োজনে স্কুল চত্তরে এ সমাবেশ অনুষ্ঠিত হয়।

জীবননগরে ইকরা একাডেমী স্কুল জীবননগর শাখার পরিচালক হাফেজ মাওলানা ইকবাল হুসাইনের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান আলোচক হিসাবে উপস্থিত ছিলেন ইকরা একাডেমী স্কুল চুয়াডাঙ্গা শাখার পরিচালক মুস্তাফা কামাল কাসেমী।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন উথলী ডিগ্রী কলেজের প্রভাষক সাজ্জাদ হোসেন, সাংবাদিক মিঠুন মাহমুদ, এস আই আঃ সালাম, রবিউল আজম, তৌহিদুজ্জামান, রাকিব, শফিকুল ইসলাম, ফজলুর রহমান, শিপুল হোসেন প্রমুখ।

অনুষ্ঠানটি সার্বিক পরিচালনা করেন আজহারুল ইসলাম।

আলমডাঙ্গার এমএসবি ইট ভাটায় পুড়ছে গাছ

আলমডাঙ্গা বন্ডবিলের এমএসবি ভাটায় ইট তৈরিতে ব্যবহার করা হচ্ছে বনজ গাছ। দীর্ঘদিন যাবৎ প্রশাসনকে ম্যানেজ করে গাছ পুড়িয়ে ইট তৈরির প্রক্রিয়া চালিয়ে যাচ্ছে সংশ্লিষ্ট ইট ভাটা মালিক মুন্সি বাবু।

জানাগেছে, আলমডাঙ্গা পৌর এলাকার বন্ডবিল গ্রামে দীর্ঘদিন যাবৎ গাছ পুড়িয়ে ইট তৈরি করছে এমএসসি ভাটা কর্তৃপক্ষ। বর্তমানে ইট ভাটায় গাছ পুড়িয়ে ইট তৈরিতে পরিবেশ অধিদপ্তরের নিষেধাজ্ঞা থাকলেও প্রশাসনকে ম্যানেজ করেই চলছে ইট তৈরির প্রক্রিয়া।

এ ব্যাপারে পরিবেশ অধিদপ্তর ও স্থানীয় প্রশাসন নিরব থাকায় ভাটা মালিকরা কাঠ দিয়ে ইট পোড়ানোয় বেশি উৎসহ পাচ্ছে। ইতিমধ্যেই ফিট চুংগা আইন করে বাতিল করা হলেও আলমডাঙ্গায় আইনের তোয়াক্কা না করেই অবৈধ ইটভাটা মালিকরা তা ব্যবহার করছে।

প্রতিদিন ইট ভাটায় হাজার হাজার মণ কাঁচা গাছ ভাটায় পুড়িয়ে তৈরি করা হচ্ছে ইট। এরই কারণে, ভাটা অঞ্চলের পরিবেশ দুষিত হলেও রাজনৈতিক ক্ষমতার কারণে নিশ্চুপ ভুমিকায় এলাকাবাসী।

এ ভাটায় প্রতিদিন ১০/১৫ টি অবৈধ ট্রাক্টর ও স্ট্রেয়ারিং গাড়িতে মাটি টানায় রাস্তায় কাঁদা মাটি পড়ে সৃষ্টি হয়েছে তীব্র ধুলা। রাস্তায় কাঁদা মাটি পড়ায় সড়ক দুর্ঘটনার মত মৃত্যু মুখী হচ্ছে সাধারণ লোকজন।

এই ব্যাপারে মাদারহুদা, গোপালনগর, বারাদি ও বন্ডবিল এলাকার লোকজন জানান, এ ভাটার কারণে রাস্তায় বহনকৃত মাটি পড়ে তীব্র ধুলায় পরিণত হয়েছে। হালকা বৃষ্টি হলেই সৃষ্টি হয় ভয়াবহ কাঁদায়। এতে সড়কে যাতায়াত অযোগ্য হয়ে পড়ে।

তারা আরো বলেন, এ ভাটার কারণে রাস্তার পাশে ফসল উৎপাদনে ব্যাঘাত পোহাতে হচ্ছে। রাস্তার ধুলো গাছে পড়ায় বোঝাই যাই না এটা গাছ নাকি অন্য কিছু।

এ ঘটনায় কুষ্টিয়া পরিবেশ অধিদপ্তরের কর্মকর্তার সাথে কথা হলে তিনি বলেন, কোন ভাটায় গাছ পোড়ানোর বৈধতা নেই। যদি কোন ভাটায় গাছ পোড়ানো হয় তাহলে সে ভাটার বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

চুয়াডাঙ্গায় জিহাদি বইসহ আটক - ১ জন

চুয়াডাঙ্গায় সরকারের বিরুদ্ধে লেখা বিতর্কিত জিহাদি বই সহ একজনকে আটক করেছে চুয়াডাঙ্গা সদর থানা পুলিশ।
১৯ মার্চ শুক্রবার রাত ০১.১০ ঘটিকার সময় চুয়াডাঙ্গা পৌরসভাধীন কলেজ রোডস্থ কবরী রোডের দক্ষিণ পার্শ্বে বাংলাদেশ জামায়াতে ইসলামী বাংলাদেশ ও ইসলামী ছাত্রশিবিরের নেতা কর্মীরা
জনগনের এবং যান চলাচলের প্রতিবন্ধকতা সৃষ্টি করিয়া রাষ্ট্রের অনিষ্ট সাধন ও অর্ন্তঘাত মূলক কর্মকান্ড করাকালীন আসামী মশরীফ হাসান(৪৩), পিতা- মৃত আজিজুর রহমান, সাং- গুলসানপাড়া, থানা ও জেলা- চুয়াডাঙ্গা কে সরকারের বিরুদ্ধে জামায়াতে ইসলামী বাংলাদেশের আমির ডাঃ শফিকুর রহমানের লেখা বিতর্কিত বই এবং বিভিন্ন জিহাদি মতাদর্শের বই সহ হাতে নাতে গ্রেফতার করা হয় । আটককৃত আসামির স্বীকারোক্তি অনুযায়ী অভিযান চালিয়ে পলাতক এ্যাডঃ রুহুল আমিন এর বাসা তল্লাশি করে একই ধরনের বই উদ্ধার করা হয়। উদ্ধারকৃত ডাঃ শফিকুর রহমানের লেখা বিতর্কিত “মহান স্বাধীনতার ৫০ বর্ষপূর্তি উদযাপন দেশবাসীর উদ্দেশ্যে বাংলাদেশ জামায়াতে ইসলামীর ডাঃ শফিকুর রহমানের বক্তব্য” শিরোনামে প্রকাশিত বই তে বঙ্গবন্ধু কে হেয় করা সহ মহান স্বাধীনতার ইতিহাস কে খন্ডিত আকারে

বিকৃতভাবে উপস্থাপন করা হয়েছে এবং জনশৃংখলা ভেঙ্গে ফেলার দৃশ্যমান ষড়যন্ত্রে লিপ্ত থাকার সুনির্দিষ্ট তথ্যের ভিত্তিতে আসামি কে আটক করা হয়। আটককৃত আসামি পৌরসভাধীন গুলশান পাড়ার শরীফ সহ পলাতক আসামি এ্যাডঃ রুহুল আমিন, এ্যাডঃ মাসুদ পারভেজ রাসেল সহ অজ্ঞাতনামা ১০/১৫ জনের বিরুদ্ধে অন্তর্ঘাতমূলক কার্যকলাপ ও অপতৎপরতায় জড়িত থাকার অভিযোগে এসআই জাহাঙ্গীর আলম বাদি হয়ে বিশেষ ক্ষমতা আইনের সংশ্লিষ্ট ধারায় মামলা দায়ের করেছেন।

আলমডাঙ্গায় চাচার ধারালো অস্ত্রের কোপে কন্যা সন্তানসহ পিতা-মাতা জখম

আলমডাঙ্গার গড়গড়ি গ্রামে টাকা চুরির অভিযোগ তুলে শিশু কন্যাসহ তার পিতা-মাতাকে মারধরের অভিযোগ উঠেছে। গতকাল শুক্রবার রাত ৯ টার দিকে পিংকি খাতুন নামের মহিলা আলমডাঙ্গা থানায় লিখিত অভিযোগ করেন। ঘটনাটি শুক্রবার সকাল ১০ টার দিকে জেহালা ইউনিয়নের গড়গড়ি ঘটেছে। জানাগেছে, আলমডাঙ্গা উপজেলার জেহালা ইউনিয়নের গড়গড়ি গ্রামের দিনমজুর বাবুল হোসেন তার আপন ভাই মোমিন এর সাথে পারিবারিক গোলোযোগ চলে আসছে।
গতকাল শুক্রবার সকাল ১০ টার দিকে বাবুলের শিশু কন্যা জান্নাতুল
(৭) কে মমিনের ঘর থেকে টাকা চুরির অভিযোগ তুলে গালাগালি করতে থাকে।
এ সময় কন্যা সন্তান জান্নাতুলের মা পিংকি খাতুন প্রতিবাদ করলে মোমিন, অমিত ও রোকেয়া খাতুন তার ১ বছরের শিশুকে কোল থেকে উঠানে ছুড়ে মারে। পরে, পিংকিকে ও তার ৭ বছরের শিশু কন্যা জান্নাতুলকে ঘরের মধ্যে আটকে দেশিয় অস্ত্র দিয়ে কোপ মারলে শিশু জান্নাতুল গুরুত্বর আহত হয়।
মা পিংকি ঠেকাতে গেলে তাকেও ধারালো অস্ত্র দিয়ে এলোপাথাড়ি কোপ মারলে সেও গুরুত্বর জখম হয়।
মারামারির ঘটনাটি পিংকির স্বামী বাবুল জানতে পারলে দ্রুত বাড়িতে গেলে মোমিন, অমিত ও রোকেয়া ধারালো অস্ত্র দিয়ে এলোপাথাড়ি

কোপালে রক্তাক্ত জখম হয় বাবুল। এসময় স্থানীয়দের সহযোগিতায় চুয়াডাঙ্গা সদর হাসপাতালে ভর্তি করে।
এ ঘটনায় গুরুত্বর জখম অবস্থায় চিকিৎসা নিয়ে শিশু কন্যা জান্নাতুলকে সাথে নিয়ে আলমডাঙ্গা থানায় হাজির হয়ে লিখিত অভিযোগ দায়ের করেন।

চুয়াডাঙ্গা-যশোর ও খুলনা- মেহেরপুর রুটে সরাসরি বাস চলাচল বন্ধ

চুয়াডাঙ্গা-যশোর ভায়া জীবননগর-কালীগঞ্জ রুটে সরাসরি বাস চলাচল বন্ধ করে দিয়েছে যশোর ও কালীগঞ্জ মোটর মালিক সমিতি। ২০২০ সালের ৬ ডিসেম্বর হতে প্রায় চার মাস যাবৎ সরাসরি বাস চলাচল বন্ধ থাকায় চরম দুর্ভোগে পড়েছেন যাত্রীরা জানা গেছে, চুয়াডাঙ্গা মালিক সমিতির বাস নিয়মিত চুয়াডাঙ্গা থেকে সরাসরি যশোর পর্যন্ত চলাচল করে থাকে। অপরদিকে কালীগঞ্জ ও যশোর মালিক সমিতির বাস যশোর থেকে ছেড়ে এসে চুয়াডাঙ্গা পর্যন্ত চলাচল করে। উভয়পক্ষের মালিক সমিতির ভেতরে দ্বন্দ্ব তৈরি হওয়ায় যশোর ও কালীগঞ্জ বাস মালিক সমিতির বাস হাসাদাহ পর্যন্ত চলাচল করছে। এতে চরম ভোগান্তিতে পড়েছেন যাত্রীরা।

একই ঘটনার পর গেল ১৫ মার্চ থেকে মেহেরপুর থেকে ঝিনাইদহ হয়ে খুলনা রুটে চলাচলকারী সোহেল ও আর এ পরিবহন বন্ধ করে দেয় কালীগঞ্জ মোটর মালিক সমিতি। তবে কি কারনে বাস চলাচল বন্ধ করা হয়েছে সে বিষয়ে এখনো জানা যায়নি।

কালীগঞ্জ মোটরমালিক সমিতি অফিস সূত্রে জানা গেছে, ১৯৮৬ সাল থেকে কালীগঞ্জ-আলমডাঙ্গা রুটে ২৬টি ট্রিপে কালীগঞ্জ মোটরমালিক সমিতির বাস চলাচল করত কিন্তু চুয়াডাঙ্গা মিনিবাস মালিক সমিতির কর্মকর্তারা কোনও কারণ ছাড়া জোর পূর্বক ট্রিপগুলি দখল করে নিয়ে ব্যবসা পরিচালনা করে যাচ্ছেন। যার কারণে কালীগঞ্জ মিনিবাস মালিকদের চরম লোকসান গুনতে হচ্ছে।

২০১৩ সালে ঠিক এরকম অবস্থার সৃষ্টি হয়। তখন সমস্যার সমাধান হতে দীর্ঘ সময় লাগে। আবারও মালিক সমিতির দ্বন্দ্বের কারণে এ সমস্যার সৃষ্টি হওয়াতে যাত্রীদের চরম ভোগান্তি পোহাতে হচ্ছে।

দর্শনা হতে যশোর যশোর গামী যাত্রী জিনাথ হোসেন বলেন, তিনি প্রতি সপ্তাহে কাজের জন্য যশোর যান, কিন্তু সরাসরি বাস বন্ধ থাকায় তার সময় বেশি অপচয় হচ্ছে এবং যাত্রা খরচ ও বেড়ে গেছে। খালিশপুর থেকে দর্শনা গামী অফিস যাত্রী শাহিদ হোসেন বলেন, তিনি রেগুলার খালিশপুর থেকে দর্শনা যান অফিস করতে, সরাসরি বাস না থাকায় প্রায় পড়তে হচ্ছে ভোগান্তির মুখে। অনেকদিন অফিসে দেরিতে পৌছাচ্ছেন তিনি।

কালীগঞ্জ থেকে মেহেরপুর গামী এক নারী যাত্রী বলেন, তার শ্বশুর বাড়ি মেহেরপুর, তিনি পূর্বে সরাসরি বাস থাকায় সহজে যাতায়াত করতে পারতেন, হঠাৎ বাসস্টান্ডে এসে জানতে পারেন বাস বন্ধ, তিনি তার পাঁচবছর বয়সী শিশু সন্তান দুইটি বড় ব্যাগ নিয়ে এখন দুঃচিন্তায় আছে যে কিভাবে মেহেরপুর পৌঁছাবেন।

নাম প্রকাশে অনিচ্ছুক এক শাপলা বসের চালক জানান, যাত্রীরা চরম দূর্ভোগের স্বীকার হচ্ছে।
মানবিক দৃষ্টিকোণ থেকে এ দূর্ভোগ তাদের কাছে অসহনীয় হয়ে উঠছে দিন দিন। কিন্তু উপর মহলে থাকা মালিক সমিতির সিদ্ধান্তের কাছে জিম্মি যানবাহনের স্টাফ সহ যাত্রীরা। তারা দ্রুত এ সমস্যার প্রতিকার চান।
বাস বন্ধ থাকার কারন জানতে চাইলে তিনি জানান, যশোর, কালীগঞ্জ ও চুয়াডাঙ্গা মোটর মালিক সমিতির মধ্যে বাসের ট্রিপ সংখ্যা নিয়ে ভাগাভাগির জের ধরে বিরতিহীন ভাবে বাস চলাচল বন্ধ রয়েছে।

এ ব্যাপারে কালীগঞ্জ মোটর মালিক সমিতির সভাপতি ফরিদ উদ্দীন বলেন, চুয়াডাঙ্গা মালিক সমিতির কর্মকর্তাদের মৌখিক ভাবে বারবার বলা হয়েছে বিষয়টি সমাধান করার জন্য কিন্তু তারা কোনও আমলে নিচ্ছেন না।

উল্লেখ্য, চুয়াডাঙ্গা-যশোর ভায়া জীবননগর রুটে চুয়াডাঙ্গা থেকে ৪০টি বাস চলাচল করে। এর মধ্যে খুলনা রুটের বাসও রয়েছে। ২০১৩ সালে একই রুটে অবৈধ যানবাহন চলাচল বন্ধের দাবিতে কালিগঞ্জ মোটর মালিক সমিতির বাঁধার মুখে ২০ মাস ১১ দিন সরাসরি বাস চলাচল বন্ধ ছিল। ওই সময়েও হাসাদহ পর্যন্ত বাস চলাচল করতো

চুয়াডাঙ্গায় ট্রেনে কাটা পড়ে ব্যবসায়ীর মৃত্যু

চুয়াডাঙ্গায় ট্রেনে কাটা পড়ে আব্দুল লতিফ মল্লিক ওরফে আরিফ (৫০) নামের এক মুদি ব্যবসায়ীর মৃত্যু হয়েছে। আব্দুল লতিফ মল্লিক চুয়াডাঙ্গা রেলপাড়ার মৃত গোলাম নবী মল্লিকের ছেলে। আজ শুক্রবার সকাল ১১ :৩০ ঘটিকা দিকে চুয়াডাঙ্গা রেলগেটের ২০০ গজ উত্তরে ১৩/৯৩ পিলারের কাছে এ দুর্ঘটনা ঘটে। তার মরদেহ রেলওয়ে পুলিশ ফাঁড়িতে রাখা হয়েছে।

স্থানীয়রা জানায়, চুয়াডাঙ্গা স্টেশন রোডে আব্দুল লতিফ মল্লিকের মুদিখানার দোকান আছে। সকালে তিনি দোকান খুলে আবার দোকান বন্ধ করে বাড়ি যাওয়ার পথে রেললাইন পার হওয়ার সময় খুলনা থেকে ছেড়ে আসা কপোতাক্ষ ট্রেনের নিচে পড়ে নিহত হন। তার মাথা ধর থেকে বিচ্ছিন্ন হয়ে গেছে। খবর পেয়ে রেলওয়ে পুলিশ মরদেহ উদ্ধার করে ফাঁড়িতে রাখে।

চুয়াডাঙ্গা রেলওয়ে পুলিশ ফাঁড়ির এসআই নরেশ চন্দ্র ঘটনার সত্যতা নিশ্চিত করে জানান, তার পরিবারের পক্ষ থেকে কোনো অভিযোগ না থকায় ময়নাতদন্ত ছাড়াই তার দাফন হবে। এ জন্য একটি অপমৃত্যু মামলা হবে।

চুয়াডাঙ্গায় আইনজীবী ও জজশীপের কর্মকর্তা-কর্মচারীদের পাল্টাপাল্টি হামলার

চুয়াডাঙ্গায় আইনজীবী ও জজশীপের কর্মকর্তা-কর্মচারীদের মধ্যে পাল্টাপাল্টি হামলার অভিযোগ উঠেছে। এ ঘটনার পর ভারপ্রাপ্ত জেলা

জজ বজলুর রহমান, জজ আদালতের পেশকার নূরুল ইসলাম এবং সেরেস্তাদার সহকারি জহুরুল ইসলামকে প্রত্যাহারের দাবী তুলে আদালত বর্জণের ঘোষণা দিয়েছে জেলা আইনজীবী সমিতি। জজশীপের নাজির পদে দু’জনের পদায়ন নিয়ে সৃষ্ট জটিলতার সূত্র ধরে বৃহস্পতিবার দুপুরে এসব ঘটনা ঘটে।
জানা যায়, সম্প্রতি বিদায়ী জেলা জজ আলাদা দুটি আদেশে পেশকার নূরুল ইসলাম এবং সেরেস্তাদার সহকারি জহুরুল ইসলামকে নাজির পদে পদায়নের সুপারিশ করেন। একই পদে দু’জনের পদায়নে সৃষ্ট জটিলতার বিষয়ে ভারপ্রাপ্ত জেলা জজ বজলুর রহমানের সাথে কথা বলতে যান আইনজীবী সমিতির নেতারা। এসময় জজশীপের কর্মচারীদের সাথে বাকবিতন্ডা হয় আইনজীবীদের। এক পর্যায়ে উভয় পক্ষের মধ্যে পাল্টাপাল্টি হামলার ঘটনা ঘটে। এ ঘটনার পর জেলা আইনজীবী সমিতি জরুরী সভায় বসে।
জেলা আইনজীবী সমিতির সভাপতি অ্যাডভোকেট আলমগীর হোসেন জানান, ‘সুষ্ঠু সমাধানের জন্য বিচারকের কাছে গেলে আদালতের কর্মচারীরা লাঠিশোটা নিয়ে হামলা চালায়। এতে দু’জন আইনজীবী আহত হয়েছেন। এ ঘটনায় অভিযুক্তদের প্রত্যাহার না করা পর্যন্ত আইনজীবীরা আদালত বর্জণের সিদ্ধান্ত নিয়েছে।’
চীফ জুডিশিয়াল আদালতের নাজির ওসমান গণি বলেন, বিচারকের কার্যালয়ে আইনজীবীরা ঔদ্ধত্যপূর্ণ আচরণ করেছেন। এ সময় তারা বিচারকের টেবিলে ভাঙচুর চালায়।
চুয়াডাঙ্গা সদর থানার অফিসার ইনচার্জ (ওসি) আবু জিহাদ খান জানান, আদালতের কর্মকর্তা-কর্মচারী ও আইনজীবীদের মধ্যে অপ্রীতিকর ঘটনা ঘটেছে। খবর পেয়ে পুলিশ পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে।

চুয়াডাঙ্গা সদরে বাংলাদেশ বেতারের ‘তারুণ্যের কন্ঠ’ অনুষ্ঠান

তরুণ-তরুণীদের মাঝে বাল্যবিয়ে প্রতিরোধ, অল্প বয়সে গর্ভধারণের ঝুঁকি এবং পরিকল্পিত পরিবার গঠনের সুবিধা বিষয়ে সচেতনতা সৃষ্টির

লক্ষ্যে বাংলাদেশ বেতারের ‘তারুণ্যের কন্ঠ’ প্রামাণ্য অনুষ্ঠান ১৮ মার্চ ২০২১ খ্রিঃ শনিবার চুয়াডাঙ্গা সদর উপজেলা পরিষদ সভাকক্ষে আয়োজন করা হয়।বাংলাদেশ বেতারের জনসংখ্যা স্বাস্থ্য ও পুষ্টি সেল নিয়মিতভাবে এই অনুষ্ঠান করে থাকে।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা সদর উপজেলা নির্বাহী অফিসার সাদিকুর রহমান, উপজেলা একাডেমিক সুপারভাইজার সোহেল আহমেদ ,সরোজগঞ্জ উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক অশোক কুমার,সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের শিক্ষক নাজিম উদ্দীন ও উপজেলার ০৬ টি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীরা।
উপজেলা নির্বাহী অফিসার সাদিকুর রহমান বলেন,‘বাল্যবিয়ে আমাদের জন্য অভিশাপ।বাংলাদেশ বেতারের এই অনুষ্ঠান নিশ্চয়ই বাল্যবিবাহ প্রতিরোধে ভূমিকা রাখবে।বাল্যবিবাহ প্রতিরোধে সবাইকে সচেতন থাকতে হবে।তাই বাল্যবিয়ে প্রতিরোধে কোন ছাড় দেওয়া হবে না। আগামী ২৭মার্চ ২০২১ তারিখ শনিবার রাত ৮.১০ মিনিটে ঢাকা- ক এবং এফ এম ১০৬ মেগাহার্জে ও বাংলাদেশ বেতারের এ্যাপসে সজীব দত্তের সঞ্চালনায় উপপরিচালক আমিরুল ইসলামের তত্ত্বাবধানে সহকারী পরিচালক (অনুষ্ঠান) তোফাজ্জল হোসেন এর প্রযোজনায় ধারণকৃত এ অনুষ্ঠানটি শোনা যাবে।

চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগের পক্ষ থেকে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে শ্রদ্ধা জ্ঞাপন

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০১তম জন্ম বার্ষিকী ও জাতীয় শিশু দিবস উপলক্ষে আওয়ামীলীগের বিভিন্ন সংগঠনের পক্ষ থেকে জাতীয় ও দলীয় পতাকা উত্তোলন করা হয়েছে।

হাজার বছরের শ্রেষ্ঠ বাঙ্গালী,মহান স্বাধীনতার স্থপতি,জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০১তম জন্ম বার্ষিকী ও জাতীয় শিশু দিবস উপলক্ষে আজ বুধবার সকাল ৭ টার সময় কেদারগঞ্জস্থ দলীয় কার্যালয়ের সামনে চুয়াডাঙ্গা জেলা

আওয়ামীলীগ,স্বেচ্ছাসেবকলীগ,কৃষকলীগ,ছাত্রলীগের নেতাকর্মীরা জাতীয় ও দলীয় পতাকা উত্তোলন করেন ও জাতির পিতার প্রতিকৃতিতে মাল্যদান ও পুষ্পস্তবক অর্পন করে শ্রদ্ধাঞ্জলী নিবেদন করেন। এ সময় উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগের সংগ্রামী সাধারন সম্পাদক আজাদুল ইসলাম আজাদ,চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগের সিনিয়র সহ-সভাপতি ও চেয়ারম্যান চুয়াডাঙ্গা সদর উপজেলা পরিষদ আসাদুল হক বিশ্বাস, চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক আব্দুল মালেক, চুয়াডাঙ্গা জেলা আওয়ামী স্বেচ্ছাসেবক লীগের আহ্বায়ক ও চুয়াডাঙ্গা পৌরসভার সাবেক মেয়র ওবাইদুর রহমান চৌধুরী জিপু চুয়াডাঙ্গা জেলা আওয়ামী স্বেচ্ছাসেবক লীগের যুগ্ন আহ্বায়ক মতিয়ার রহমান মতি,চুয়াডাঙ্গা সদর থানার কৃষকলীগের আহবায়ক আব্দুল মতিন দুদু,চুয়াডাঙ্গা পৌর আওয়ামী মহিলা লীগের সাধারণ সম্পাদিকা মাসুমা আক্তার চুয়াডাঙ্গা জেলা ছাত্রলীগের সংগ্রামী সাধারণ সম্পাদক জানিফ,সহ উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগ,পৌর মহিলা আওয়ামী লীগ,স্বেচ্ছাসেবক লীগ, কৃষকলীগ,ছাত্রলীগের নেতাকর্মীরা।